# বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী আইন, ১৯৯০

( ১৯৯০ সনের ১০ নং আইন )

**বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন৷**

যেহেতু বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১৷ (১) এই আইন বগুড়া পল্লীউন্নয়ন একাডেমী আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে৷

(২) এই আইন ১৯৯০ সনের ১লা জানুয়ারী তারিখে বলবত্‍ হইয়াছে বলিয়া গণ্য হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে,-

(ক) “একাডেমী” অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত বগুড়া পল্লীউন্নয়ন একাডেমী;

(খ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(গ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঘ) “বোর্ড” অর্থ একাডেমীর পরিচালনা বোর্ড;

(ঙ) “মহা-পরিচালক” অর্থ একাডেমীর মহা-পরিচালক;

(চ) “সদস্য” অর্থ বোর্ডের সদস্য;

(ছ) “সভাপতি” অর্থ বোর্ডের সভাপতি৷

**একাডেমী প্রতিষ্ঠা**

৩৷ (১) এই আইনের বলবত্‍ হইবার সংগে সংগে এই আইনের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে বগুড়া পল্লীউন্নয়ন একাডেমী নামে একটি একাডেমী প্রতিষ্ঠিত হইবে৷

(২) একাডেমী একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং

উক্ত নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে৷

(৩) বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন গাড়ীদহ নামক স্থানে একাডেমীর প্রধান কার্যালয় থাকিবে৷

**সাধারণ পরিচালনা**

৪৷ একাডেমীর পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং একাডেমী যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে৷

**বোর্ড**

৫৷ (১) বোর্ড নিম্নরূপ সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) পল্লীউন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী;

(খ) পল্লীউন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের প্রতি-মন্ত্রী, উপ-মন্ত্রী যদি থাকে;

(গ) পল্লীউন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা উক্ত মন্ত্রণালয় বা বিভাগের সচিবের দায়িত্ব পালনরত কোন কর্মকর্তা;

(ঘ) কৃষি মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তত্কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা;

(ঙ) অর্থ বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তত্কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা;

(চ) স্থানীয় সরকার বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তত্কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিবের পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা;

(ছ) সংস্থাপন বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা তত্কর্তৃক মনোনীত অন্যুন যুগ্ম-সচিব এর পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা;

(জ) পরিকল্পনা কমিশনের পল্লী প্রতিষ্ঠান উইং এর দায়িত্বে নিয়োজিত সদস্য;

(ঝ) রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র;

(ঞ) মহা পরিচালক, বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড;

(ট) মহা-পরিচালক, বাংলাদেশ পল্লীউন্নয়ন একাডেমী, কুমিল্লা;

(ঠ) কমিশনার, রাজশাহী বিভাগ;

(ড) নিবন্ধক, সমবায় সমিতিসমূহ;

(ঢ) পরিচালক, ইনষ্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়;

(ণ) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ বা তত্কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের কোন অনুষদের অধ্যাপক এর পদমর্যাদা সম্পন্ন একজন সভাপতি;

(ত) পরিচালক, জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান;

(থ) সরকার কর্তৃক মনোনীত চারজন ব্যক্তি;

(দ) একাডেমীর মহা-পরিচালক।

(২) পল্লীউন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা কোন মন্ত্রী না থাকিলে উহার প্রতি-মন্ত্রী বা, ক্ষেত্রমত, উপ-মন্ত্রী বোর্ডের সভাপতি হইবেন।

(৩) পল্লীউন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের প্রতি-মন্ত্রী বা উপ-মন্ত্রী, এবং প্রতি-মন্ত্রী বা উপ-মন্ত্রী কেহ না থাকিলে উক্ত মন্ত্রণালয় বা বিভাগের সচিব বা সচিব পদে নিয়োজিত ভারপ্রাপ্ত কর্মকর্তা বোর্ডের সহ-সভাপতি হইবেন।

(৪) উপ-ধারা (১)(খ) এর অধীন সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য তাঁহার মনোনয়নের তারিখ হইতে তিন বত্সর মেয়াদে স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় তাঁহার মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(৫) সভাপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**গবেষণা এলাকা**

৬। একাডেমী খুলনা ও রাজশাহী বিভাগের অন্তর্ভুক্ত যে কোন এলাকা এবং সরকারের অনুমতি সাপেক্ষে, উহাদের এলাকা বহির্ভূত যে কোন এলাকাকে পল্লীউন্নয়ন গবেষণার জন্য ব্যবহার করিতে পারিবে।

**একাডেমীর দায়িত্ব**

৭। একাডেমীর নিম্নরূপ দায়িত্ব থাকিবে, যথা :-

(ক) পল্লীউন্নয়ন সম্পর্কিত যে কোন বিষয়ে গবেষণা পরিচালনা করা;

(খ) পল্লীউন্নয়ন কাজে নিয়োজিত সরকারী কর্মচারী ও অন্যান্যদের প্রশিক্ষণ প্রদান;

(গ) পল্লী উন্নয়নের কৌশল ও ক্রিয়াপদ্ধতির উপর পরীক্ষা ও তথ্যানুসন্ধান করা;

(ঘ) পল্লীউন্নয়ন সম্পর্কিত কর্মসূচী ও কার্যাবলীর মূল্যায়ন করা;

(ঙ) সরকার ও অন্যান্য সংস্থাকে পল্লীউন্নয়ন সম্পর্কে উপদেশ ও পরামর্শ দেওয়া;

(চ) পল্লীউন্নয়ন ক্ষেত্রে উচ্চতর গবেষণায় নিয়োজিত দেশী ও বিদেশী ব্যক্তিগণের কার্যাবলী পরিচালনা ও তত্ত্বাবধান করা বা কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে